110

ভোরের কাগজ

তারিখ 20 FEB 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

অচিরেই সময়সূচি ঘোষণা

# এসএসসি পরীক্ষা আসছে এপ্রিলে

কাগজ প্রতিবেদক : আগামী এপ্রিলে '৯৮ সালের এসএসসি পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হবে। অচিরেই পরীক্ষার সময়সূচি জানিয়ে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশিত হবে। এ বিষয়ে গতকাল বৃহস্পতিবার সকালে ঢাকা শিক্ষা বোর্ডে আন্তঃবোর্ডের চেয়ারম্যানদের এক বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডের সচিব অধ্যাপক আবদুল লতিফ এ তথ্য জানিয়েছেন। উল্লেখ্য, ইতিপূর্বে শিক্ষা বোর্ডগুলোর কর্মচারীদের লাগাতার ধর্মঘটের কারণে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরম পূরণসহ আনুষাঙ্গিক প্রক্রিয়া ব্যাহত হওয়ায় যথাসময়ে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছিল।